

## ১৩শ পাঠ

### নুন(ن) সাকিন ও তানভীনের(ّ) ব্যবহার

ইখফা: ইখফা অর্থ লুকিয়ে পড়া। ইখফার হরফ ১৫টি। যেমন:

ش	س	ز	ذ	د	ج	ث	ت
	ك	ق	ف	ظ	ط	ض	ص

নুন সাকিন বা তানভীনের পর উক্ত হরফগুলোর কোন একটি হরফ আসলে নুন সাকিন বা তানভীনকে নাকের ভিতর লুকিয়ে গুলাহ করে পড়তে হয়। যেমন:

عَيْنِ جَارِيَةٍ	فَأَنْذَرْتُكُمْ	الْإِنْسَانَ	عَبْدًا شَكُورًا	مِنْ دُونَ	ذَرَّةٍ شَرًّا
---------------------	------------------	--------------	------------------	------------	-------------------

ইজহার: ইজহার অর্থ স্পষ্ট করে পড়া। ইজহারের হরফ ৬টি। যেমন:

خ	غ	ح	ع	ه	اء
---	---	---	---	---	----

নুন সাকিন বা তানভীনের পর ইজহারের হরফসমূহ থেকে যে কোন একটি হরফ আসলে নুন সাকিন বা তানভীনকে স্পষ্ট করে পড়তে হয়। যেমন:

عَيْنِ حَمِيَّةٍ	مِنْ عَذَابٍ	طَيْرًا أَبَابِيلَ	مِنْ حَمِيمٍ	ذَرَّةٍ خَيْرًا
------------------	--------------	--------------------	--------------	-----------------

ইকলাব: ইকলাব অর্থ পরিবর্তন করে পড়া। ইকলাবের হরফ একটি। যেমন: ب

নুন সাকিন বা তানভীনের পর উক্ত হরফটি আসলে উক্ত 'বা' হরফটিকে মিম দ্বারা পরিবর্তন করে পড়তে হয়। যেমন:

لِنَسْفَعًا بِالنَّاصِيَةِ	عَنْ مِمْ بِهَيْمَةٍ	أَمَدًا بَعِيدًا	مِنْ مِمْ بَعْدِ
----------------------------	----------------------	------------------	------------------

## ১৪শ ক্লাস

ইদগাম: ইদগাম অর্থ মিলাইয়া পড়া। ইদগামের হরফ ৬টি। যেমন:

ل	ر	ن	و	م	ي
---	---	---	---	---	---

নুন সাকিন বা তানভীনের পর উক্ত হরফসমূহের যে কোন একটি হরফ আসলে নুন সাকিন বা তানভীনকে পরের ইদগামের হরফের সাথে মিলিয়ে পড়তে হবে। যেমন:

مَنْ يَفْعَلُ	مِنْ نُورٍ	صِرَاطًا مُسْتَقِيمًا	مِنْ وَرَقٍ
يَوْمَئِذٍ يَصْدُرُ	خَيْرًا يَرَهُ	كَعَصْفٍ مَأْكُولٍ	فَمَنْ يَعْمَلْ

ل ر এই দুইটিতে গুন্নাহ ছাড়া ইদগাম হবে আর বাকি চারটিতে গুন্নাহ সহ ইদগাম করতে হবে। যেমন:

هَذَا لِلْمُتَّقِينَ	أَنْ رَأَاهُ	أَشْتَاتًا يُرَوِّا
----------------------	--------------	---------------------

## মিম(م) সাকিনের ব্যবহার

ইখফা: মিম সাকিনের পর [ب] আসিলে মিম সাকিনকে গুন্নাহ করিয়া পড়িতে হয়। যেমন: تَرْمِيهِمْ

بِحِجَارَةٍ

ইদগাম: মিম সাকিনের পর [م] আসিলে পরের মিমকে তাশদিদ দিয়ে গুন্নাহ সহ পড়তে হয়। যেমন: عَلَيْهِمْ

مَسْجِدًا

ইজহার: মিম সাকিনের পর [ب] ও [م] ব্যতীত অন্য যে কোন হরফ আসিলে মিম সাকিনকে স্পষ্ট করে পড়তে

হয়। যেমন: أَلَمْ تَرَ